



INDEPENDENT

জ্বালানি খাতকে সেবাখাত করার আহ্বান ক্যাবের

জ্বালানি সংকটের স্থায়ী সমাধান ও দুর্নীতিমুক্ত ব্যবস্থাপনা নিশ্চিত এ খাতকে মুনাফাভোগী নয়, সেবাখাত হিসেবে বিবেচনা করার আহ্বান জানিয়েছেন ক্যাবের জ্বালানি উপদেষ্টা এম শামসুল আলম।

নিজস্ব প্রতিবেদক, ঢাকা

প্রকাশ : ০৯ মে ২০২৬, ০৬:৫২ পিএম



ক্যাবের জ্বালানি উপদেষ্টা এম শামসুল আলম। ছবি: ভিডিও থেকে নেওয়া

জ্বালানি সংকটের স্থায়ী সমাধান ও দুর্নীতিমুক্ত ব্যবস্থাপনা নিশ্চিত এ খাতকে মুনাফাভোগী নয়, সেবাখাত হিসেবে বিবেচনা করার আহ্বান জানিয়েছেন ক্যাবের জ্বালানি উপদেষ্টা এম শামসুল আলম।

আজ শনিবার সকালে জাতীয় প্রেস ক্লাবে এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান।

শামসুল আলম বলেন, বিগত সরকারের আমলে বিশেষ ও বিইআরসি আইনের সংশোধনীর মাধ্যমে জ্বালানি খাতে অসাধু ব্যবসায়ীদের উত্থান ঘটে।

তিনি বলেন, বিদ্যুৎ উৎপাদনের ২০ শতাংশ নবায়নযোগ্য জ্বালানি থেকে করা গেলে নিরাপত্তা নিশ্চিত করা সম্ভব হবে। সরকার নবায়নযোগ্য জ্বালানি নিয়ে পরিকল্পনা নিলে, বিদ্যুৎ উৎপাদনের স্থায়ী সমাধান সম্ভব।

ক্যাব জ্বালানি বিশেষজ্ঞ বলেন, ‘ডিআরসিতে আমরা ভোক্তারা মিলিয়ে একটা স্ট্যাটিক ৫ বছরের প্লান তৈরি করে দিয়েছিলাম। এটি কৌশলগত পরিকল্পনা, সেই পরিকল্পনায় যেসব কথা বলা হয়েছিল সেসব কিছু ফেলে দিলো। ফেলে দিয়ে আমাদের টাকার ওপর কর্তৃত্ব নিয়ে নিলো জ্বালানি বিভাগ। তারা আমরা যেভাবে করতে বললাম তারা করল না, বিআরসিতে তারা কোনো পরিকল্পনাও আনল না। তারা অবৈধ দখল নিলো।’

আরও দেখুন	
Broadcast & Network Ne...	>
ভিডিও অন ডিম্যান্ড	>
Politics (Right)	>

এছাড়া, দেশের ভূগর্ভস্থ তেল অনুসন্ধানে সরকার কার্যকর ব্যবস্থা নেওয়ার পরামর্শ দেন তিনি।

এ সময় তেল অনুসন্ধানে দেশীয় প্রতিষ্ঠানগুলোকে গুরুত্ব দেওয়ার কথা বলেন বক্তারা।

Independent Television Limited, 149-150 Tejgaon I/A, Dhaka-1208, Bangladesh. GPO Box No. 934 Phone:+880-2-8879000, Fax: +880-2-8879100, E-mail: info@itvbd.com
Copyright © Independent Television Limited